

প্রেস রিলিজ

১৫ এপ্রিল ২০২৫

বর্গিল আয়োজনে বাউবিতে বাংলা নববর্ষ উদযাপিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে (বাউবি) বর্ষবরণ-১৪৩২ উদযাপন উপলক্ষ্যে আজ ১৫ এপ্রিল ২০২৫ তারিখ মঙ্গলবার দিনব্যাপি বিভিন্ন বর্গিল কর্মসূচীর আয়োজন করা হয়। কর্মসূচীর অংশ হিসেবে এদিন সকাল ১১:০০ টায় উপাচার্যের পক্ষে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সাঈদ ফেরদৌস এর নেতৃত্বে এক আনন্দ শোভাযাত্রা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে আম বাগানের বৈশাখী অনুষ্ঠান মেলার মাঠে এসে শেষ হয়। আনন্দ শোভাযাত্রায় ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীমসহ বিশ্ববিদ্যালয়ের সর্বস্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা অংশগ্রহণ করেন। বাউবি গাজীপুরস্থ ক্যাম্পাসে উপাচার্যের বাসভবনের সামনে আমবাগানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুল ও বিভাগের স্ব উদ্যোগে স্টল সাজিয়ে বৈশাখী মেলা অনুষ্ঠিত হয়। অত্যন্ত উৎসবমুখর পরিবেশে এ মেলায় গ্রাম বাংলার ঐতিহ্যবাহী বাহারি খাবার ও ব্যবহারিক দর্শনীয় জিনিসপত্র দিয়ে সাজানো হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। তিনি বৈশাখী মেলা অনুষ্ঠানের বিভিন্ন স্টল পরিদর্শন ও মেলায় অংশগ্রহণকারী সংশ্লিষ্ট সকলকে উৎসাহিত করেন। বাউবির প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সাঈদ ফেরদৌস, ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম, বিভিন্ন স্কুল ও বিভাগের ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এসময়ে উপস্থিত ছিলেন।

মেলা শেষে বিকাল ৩:০০ টায় বিশ্ববিদ্যালয়ের আমবাগানে বাউল শিল্পী ও বাউবির পরিবারের সদস্যদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম এই অনুষ্ঠানে অত্যন্ত মনোমুগ্ধকর সুরে বেহালা বাজান এবং রবীন্দ্র সঙ্গীত পরিবেশন করেন।



মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)